# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-02-2025** **Time: 7-35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ২০২৫-২৬ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে ১২ লক্ষ টাকা পর্যন্ত ব্যক্তিগত আয়ের ক্ষেত্রে সম্পূর্ণ কর ছাড়ের প্রস্তাব পেশ করেছেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন।

২) বাজেট প্রস্তাবে অর্থমন্ত্রী ৩৬-টি জীবনদায়ী ওষুধ সম্পূর্ণ শুল্কমুক্ত করার প্রস্তাব দিয়েছেন।

৩) প্রধানমন্ত্রী বলেছেন, বিকশিত ভারত গঠনের লক্ষে এই বাজেট একটি বলিষ্ঠ পদক্ষেপ।

বাজেটের সমালোচনা করে তৃণমূল কংগ্রেস সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, বাংলাকে বঞ্চনা করা হয়েছে।

৪) আজ শ্রীপঞ্চমী। জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা। পঞ্চমী তিথি আগামীকাল পর্যন্ত থাকছে।

৫) রাজ্যে পথশ্রী প্রকল্পে আরও ১ হাজার কিলোমিটার রাস্তার সংস্কার ও সম্প্রসারণের কাজ শুরু হতে চলেছে।

৬) যুবভারতী ক্রীড়াঙ্গণে আই এস এল ফুটবল ম্যাচে মোহনবাগান সুপার জায়েন্টের কাছে ৪-০ গোলে পরাস্ত মহামেডান স্পোর্টিং।

ooooooooooooooooooooooo

২০২৫-২৬ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে ব্যক্তিগত আয়ের ক্ষেত্রে ১২ লক্ষ টাকা পর্যন্ত সম্পূর্ণ কর ছাড়ের প্রস্তাব রাখা হয়েছে।

কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন গতকাল সংসদে ২০২৫-২৬ অর্থবর্ষের বাজেট প্রস্তাব পেশ করেন। বাজেটে বীমা ক্ষেত্রে বৈদেশিক বিনিয়োগের সীমা ৭৪ শতাংশ থেকে বাড়িয়ে ১০০ শতাংশ করার প্রস্তাব রেখেছেন। বাজেট প্রস্তাবে অর্থমন্ত্রী ৩৬-টি জীবনদায়ী ওষুধ সম্পূর্ণ শুল্কমুক্ত করা, প্রতিটি জেলায় ক্যান্সার সেন্টার গড়ে তোলা ও আগামী বছর  মেডিকেল শিক্ষায় ১০ হাজার আসন বৃদ্ধির কথা ঘোষণা করেছেন।

বাজেট ভাষণে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ঘোষণা করেছেন, নতুন করকাঠামো অনুযায়ী ১২ লক্ষ টাকা পর্যন্ত সাধারণ রোজগারে কোনও আয়কর দিতে হবে না। তবে এই রোজগারের মধ্যে ক্যাপিটাল গেইন থাকলে সে ক্ষেত্রে এই ছাড় প্রযোজ্য হবে না। অর্থমন্ত্রীর ঘোষিত নতুন আয়কর স্ল্যাব অনুযায়ী, ০ থেকে ৪ লক্ষ টাকা আয়ে কোনও কর দিতে হবে না। ৪-৮ লক্ষ টাকা আয়ে ৫ শতাংশ কর। ৮-১২ লক্ষ টাকা আয়ে কর হার হবে ১০ শতাংশ।

(বাইট – অর্থমন্ত্রী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের বাজেটে কৃষকদের জন্য ঘোষিত পিএম ধনধান্য কৃষি যোজনায়, মোট ১০০টি জেলার ১ কোটি ৭০ লক্ষ কৃষক  উপকৃত হবেন। রাজ্য সরকারগুলির সঙ্গে মিলে ওই ১০০টি জেলায় কৃষি উন্নয়নে কাজ করবে কেন্দ্র।

নির্মলা সীতারমন বলেন, মোট ১০০টি এমন জেলাকে চিহ্নিত করা হবে যে জেলায় উৎপাদনের হার কম। ওই জেলাগুলির পরিবেশ পরিস্থিতি বুঝে আলাদা আলাদা ফসল চিহ্নিত করা হবে।

বাজেটে, কিষাণ ক্রেডিট কার্ডে ঋণের সর্বোচ্চ সীমা ৩ লক্ষ থেকে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করা হয়েছে। ডেয়ারি এবং ফিশারি শিল্পের জন্য ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে। তুলো চাষিদের জন্য আলাদা তুলো উৎপাদন মিশন, মৎস্যজীবীদের জন্য স্পেশাল ইকোনমিক জোন তৈরির কথাও ঘোষণা করেছেন অর্থমন্ত্রী। নির্মলা সীতারমণ জানিয়েছেন, ডাল উৎপাদনে আগামী ৬ বছরে আত্মনির্ভর হবে ভারত। সেদিকে নজর দিচ্ছে সরকার।

০০০০০০০০০০০০০০০০০০

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বাজেট বক্তৃতায় ২০২৫-২৬ অর্থবর্ষে প্রতিরক্ষা খাতে বরাদ্দ বাড়িয়ে ৬ লক্ষ ৮১ হাজার টাকা করার কথা ঘোষণা করেছেন। ২০২৪-২৫ অর্থবর্ষে এই অঙ্ক ছিল ৬ লক্ষ ২১ হাজার কোটি টাকা। ২০২৩-২৪ অর্থবর্ষে এই অঙ্ক ছিল ৫ লক্ষ ৯৪ হাজার কোটি টাকা। মোট বাজেট বরাদ্দের মধ্যে মূলধনী ব্যয়ের পরিমাণ ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। অস্ত্র এবং সামরিক সরঞ্জাম কেনা এবং সশস্ত্র বাহিনীর তিন শাখার আধুনিকীকরণের জন্য এই অর্থ ব্যয় করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাজেট সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে এটি একটি বলিষ্ঠ পদক্ষেপ।

(বাইট – প্রধানমন্ত্রী)

বিরোধীরা এই বাজেটের সমালোচনা করেছে। কংগ্রেস সাংসদ শশী থারুর বলেছেন, কর্ম সংস্থান ও যুবকদের সমস্যা নিরসনে কোন সমাধানের পথ এই বাজেটে নেই।

তৃণমূল কংগ্রেস নেতা তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, মধ্যবিত্তের সমস্যার কোন সুরাহা হয়নি। বাংলাকে বঞ্চনা করা হয়েছে।

(বাইট – অভিষেক)

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর প্রধান আর্থিক উপদেষ্টা অমিত মিত্র অভিযোগ করেছেন, এই বাজেটে যুব সমাজ, মহিলা ও কৃষকদের স্বার্থ উপেক্ষিত হয়েছে।

সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী এই বাজেটকে জনস্বার্থ বিরোধী বলে দাবি করেছেন।

(বাইট – সুজন)

oooooooooooooooooooooo

এবারের বাজেট সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে।

সামগ্রিকভাবে বাজেটের প্রশংসা করেও কর্মসংস্থানের ক্ষেত্রে সুযোগ সৃষ্টির তেমন কোন দিশা নেই বলে মত ব্যক্ত করেছেন বেহালার বাসিন্দা বাপি বিশ্বাস।

(বাইট)

এবারের বাজেটে তপশিলী জাতি-উপজাতির উদ্যোগের জন্য ঋণ সহায়তা প্রস্তাবে খুশি নদীয়ার অর্পিতা দাস।

(বাইট)

oooooooooooooooooooooo

আজ শ্রীপঞ্চমী তথা বসন্ত পঞ্চমী। পঞ্চমী তিথিতে হয়, জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা। পঞ্চমী তিথি আগামীকাল পর্যন্ত থাকায় এবার সরস্বতী পুজো হচ্ছে দুদিনেই। বিপুল উৎসাহ-উদ্দীপনায় বাঙালির ঘরে ঘরে পাশাপাশি স্কুল, কলেজ ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আয়োজন করা হয়েছে বাণী বন্দনার। বাজারে ফল ফুল শাক-সবজি সহ পূজোর উপকরণের চড়া দাম সত্ত্বেও কলকাতা সহ জেলাগুলিতে সাধ্যমত বাগদেবীর আরাধনার আয়োজন থাকছে, বাড়ির পূজো থেকে পাড়ায় পাড়ায় বারোয়ারি এবং স্কুল কলেজ শিক্ষাপ্রতিষ্ঠানে । সরস্বতী পুজোকে ঘিরে স্কুল পড়ুয়া কচিকাঁচাদের পাশাপাশি কিশোর- কিশোরীদের উৎসাহ চোখে পড়ার মতো।

এদিকে, বসন্ত পঞ্চমী মানেই শীতের মরশুম শেষ করে বসন্তের আগমনের পালা। বাঙালির এই 'ভ্যালেন্টাইন্স ডে' তে রঙবাহারি শাড়ি আর পাজামা পাঞ্জাবীতে সেজে

কিশোর- কিশোরী আর সদ্য যুবাদের ভিড় উপচে পড়বে বই মেলা থেকে শপিং মলে, রেস্তোঁরা থেকে সিনেমা হলে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পথশ্রী প্রকল্পে ১২ হাজার কিলোমিটারের বেশি রাস্তা নির্মাণ ও সংস্কারের পর রাজ্যে আরো এক হাজার কিলোমিটার রাস্তা সংস্কার ও সম্প্রসারণ কাজ শুরু হতে চলেছে। প্রায় ৩৫২৭ কোটি টাকা খরচ করে ১১৯টি প্রকল্পের মাধ্যমে আগামী দুইমাসের মধ্যে এই কাজ করা হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।
জানা গিয়েছে, প্রতিটি প্রকল্প ধরে ধরে কাজের সময়সীমা বেঁধে দিয়েছে পূর্ত দফতর। সেইসঙ্গে কাজের অগ্রগতির মূল্যায়নও করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মহাকুম্ভে পদপিষ্ট হয়ে প্রাণহানির ঘটনার প্রেক্ষিতে এ রাজ্যের পুণ্যার্থীদের সহায়তায় রাজ্য সরকার ২৪ ঘন্টার একটি কন্ট্রোল রুম চালু করেছে। এর নম্বর হলো ০৩৩ – ২২১৪ ৩৫২৬ এবং ১০৭০ । প্রয়াগরাজের মহাকুম্ভ মেলায় গিয়ে যে কোন বিপদে পড়লে রাজ্যের বিপর্যয় মোকাবিলা ও অসামরিক প্রতিরক্ষা দপ্তরের নিঃশুল্ক ওই হেল্পলাইনে যোগাযোগ করা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশে আবারো কিছু রদবদল করা হয়েছে। ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এর নতুন কমিশনার হলেন অজয় কুমার ঠাকুর। এতদিন এই পদে ছিলেন আলোক রাজোরিয়া । তাঁকে রাজ্য পুলিশের ডি আইজি ট্রাফিক করা হোলো। অন্য দিকে অজয় কুমার ঠাকুর এতদিন কারেকশনাল সার্ভিসের ডিআইজি ছিলেন। রাজ্য পুলিশের পুলিশ সুপার ট্রাফিক রাজ নারায়ন মুখার্জী-কে রাজ্য সশস্ত্র পুলিশের কমান্ডেন্ট করা হলো। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে আজ এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০

ডিজিটাল অ্যাটেস্টের নাম করে আসানসোল দক্ষিন থানা এলাকার এক ব্যক্তির কাছ থেকে এক কোটি তিন লক্ষ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে নয় জনকে গ্রেফতার করেছে আসানসোল দুর্গাপুর কমিশনারেটের পুলিশ।

আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসি ( হেডকোয়ার্টার) অরবিন কুমার আনন্দ জানিয়েছেন, গত ১৮ জানুয়ারি আসানসোল সাইবার এই অভিযোগ করেন ওই প্রতারিত । পুলিশ ঘটনার তদন্তে নেমে কলকাতা দিল্লি সহ একাধিক জায়গায় অভিযান চালিয়ে ঘটনায় মোট নয় জনকে গ্রেপ্তার করা হয়। আজ তাদের আদালতে পেশ করা হবে।

oooooooooooooooooo

পুরুলিয়ার পুঞ্চা থানা এলাকায় ফাঁকা জমিতে এক যুবকের মৃতদেহ উদ্ধারকে ঘিরে গতকাল চাঞ্চল্য ছড়ায়। বারমেস্যা রামনগর অঞ্চল লাগোয়া পুঞ্চা থেকে কুরকুট্টা গ্রামে যাওয়ার পথে একটি ফাঁকা জমিতে ওই যুবকের দেহ পড়ে থাকতে দেখে পুঞ্চা থানায় খবর দেয় স্থানীয়রা। পুঞ্চা থানার পুলিশ, দেহটি ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে।

oooooooooooooooooo

সল্টলেকের যুব ভারতী ক্রীড়াঙ্গণে গতকাল আই এস এল-এর ম্যাচে মোহনবাগান সুপার জায়েন্ট ৪-০ গোলে মহামেডান স্পোর্টিং-কে হারিয়ে দিয়েছে। শুভাশিস বোস এবং মনবীর সিং দুটি করে গোল করেছেন। মহামেডান স্পোর্টিং-এর কাসিমভ প্রথমার্ধের অতিরিক্ত সময়ে লাল কার্ড দেখেন।

oooooooooooooooooo